মেহেরপুর সরকারি কলেজে ঈদ পুনর্মিলনী ও রম্য বিতর্ক

মেহেরপুর সরকারি কলেজ ডিবেটিং সোসাইটির উদ্যোগে ঈদ পুনর্মিলনী, রম্য বিতর্ক এবং কৃতি বিতার্কিক সম্মাননা প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সোমবার দুপুরে মেহেরপুর সরকারি কলেজের বৈশাখী চত্বরে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজ শিক্ষক পরিষদের সম্পাদক ও সহযোগী অধ্যাপক খেজমত আলী মালীথ্যা।

অনুষ্ঠানে বক্তব্য দেন অধ্যাপক হাবিবুর রহমান, সহযোগী অধ্যাপক ফুয়াদ খান, মইনুল হোসেন, হাসানুজ্জামান, বশির আহমেদ ও সানজিদা ইসলাম। সুমনা পারভিন যুথির সঞ্চালনায় অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য দেন ডিবেটিং সোসাইটির সভাপতি নাফিউল ইসলাম।

এ সময় বিতর্ক ও সহশিক্ষা কার্যক্রমে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ কলেজের শিক্ষার্থী আলিয়া খাতুন, ডানজিদ রহমান অর্পণ, আকাশ আলী ও নাফিউল ইসলামকে সম্মাননা প্রদান করা হয়।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে রম্য বিতর্ক অনুষ্ঠিত হয়। এতে অংশ নেন ইমারা খাতুন, জান্নাতুল ফেরদৌস সোভা, হামিম ইসলাম সোহাগ, সুমনা পারভিন যুথি, রাকিব আহমেদ, মারুফ হোসেন, মিলা খাতুন, সাব্বির হোসেন, সানিহা জামান ও শিহাব হাসান।

বিতর্ক শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। শিক্ষার্থী ও শিক্ষকদের প্রাণবন্ত অংশগ্রহণে অনুষ্ঠানটি উৎসবমুখর পরিবেশে সম্পন্ন হয়।